http://www.elearninginfo.in

2020/TDC(CBCS)/ODD/SEM/
BNGDSE–502T/371

# TDC (CBCS) Odd Semester Exam., 2020 held in March, 2021

## BENGALI

( 5th Semester )

Course No. : BNGDSE–502T

( দেশভাগ ও বাংলা সাহিত্য )

পূর্ণমান : ৭০
উত্তীর্ণ মান : ২৮

সময় : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

### SECTION—A

যে কোনো কুড়িটি প্রশ্নের উত্তর দাও : ১×২০=২০

১। কত সালে দেশভাগ হয়?

২। দেশভাগের ফলে বাংলা দুটি রাষ্ট্রে বিভাজিত হলে পূর্ববঙ্গ অংশের নাম কী হয়েছিল?

৩। ১৯৪৬ সালে পূর্ববঙ্গের কোথায় ভয়ঙ্কর দাঙ্গা সংঘটিত হয়েছিল?

৪। পাঠ্যতালিকার বাইরে দেশভাগকে কেন্দ্র করে লেখা একটি উপন্যাসের নাম লেখো।

http://www.elearninginfo.in



৫। 'ভাঙা বাংলা ও বাংলা সাহিত্য' গ্রন্থের লেখক কে?

৬। দেশভাগের প্রতিক্রিয়ায় স্বাধীনতার দিনটিতে মহাত্মা গান্ধী কোথায় অনশনে বসেছিলেন?

৭। 'রিফ্যুজি' কথাটির অর্থ কী?

৮। সিলেট বিভাগকে কবে প্রথম আসাম প্রভিন্সের সঙ্গে যুক্ত করা হয়েছিল?

৯। 'নীলকণ্ঠ পাখির খোঁজে' উপন্যাসটিতে কয়টি খণ্ড রয়েছে?

১০। 'নীলকণ্ঠ পাখির খোঁজে' উপন্যাসের প্রারম্ভে কোন্ চরিত্রটির তামাক খাওয়ার বর্ণনা আছে?

১১। 'ধনকর্তা'র প্রকৃত নাম কী?

১২। হাজি সাহেবের 'মাইজলা বিবি'র মনের মানুষটি কে?

১৩। 'গ্যাৎচোরেৎ শালা'—এই অভিব্যক্তিটি উপন্যাসের কোন্ চরিত্রের দ্বারা উচ্চারিত হয়?

১৪। "হিন্দুরা আমাগো দ্যাখলে ছ্যাপ ফালায়, আমরাও ছ্যাপ ফালামু।" এই মন্তব্যটি কে করেছে?

১৫। আবেদালির ছেলের নাম কী?

১৬। 'নীলকণ্ঠ পাখির খোঁজে' ব্যতিরেকে অতীন বন্দ্যোপাধ্যায়ের লেখা একটি উপন্যাসের নাম লেখো।





১৭। 'বিন্দু বিন্দু জল' উপন্যাসটি প্রথম কবে প্রকাশিত হয়?

১৮। 'বিন্দু বিন্দু জল' উপন্যাসের শুরুতে উঠোনের তুলসীবেদীর প্রদীপে কাকে তেল ভরতে দেখা যায়?

১৯। 'বিন্দু বিন্দু জল' ছাড়া শেখর দাসের লেখা একটি উপন্যাসের নাম লেখো।

২০। "হাওরের মাঝে মাঝে 'মেটিটিল্লা'য় হিজল গাছ।" 'মেটিটিল্লা' কী?

২১। বসুমতীর ছেলেটির নাম কী?

২২। দিগরকোনা রিফ্যুজি ক্যাম্প থেকে নলিনীর উদ্দেশ্যে বরুণের চিঠিটি কত তারিখে লেখা?

২৩। 'বিন্দু বিন্দু জল' উপন্যাসে কয়টি পরিচ্ছেদ রয়েছে?

২৪। কামার্ত প্রহরী রেলওয়ে ওভারব্রিজের তলায় বসুমতীকে ভোগ করতে চাইলে তার কী পরিণতি হয়?

২৫। 'রক্তমণির হারে' গল্পসংকলনের প্রথম খণ্ডে মোট কয়টি গল্প সংকলিত হয়েছে?

২৬। "বিয়া বিয়া করো কেন? কন্যা আমি দেইখা থুচি।" কন্যাটি কে?

২৭। 'কাগাবগা গীতিকা' গল্পে সদানন্দের মৃত্যু কীভাবে হয়?

http://www.elearninginfo.in



২৮। 'ভুবন ডাক্তার' গল্পের কথক চরিত্রটির নাম কী?

২৯। "এই হারামজাদা হইছে পথের কাঁটা।" 'হারামজাদা'টি কে?

৩০। 'হারানো সুর' গল্পে উল্লিখিত মেসটিতে কয়জন 'মেম্বার' রয়েছে?

৩১। 'ধোঁয়া-ধুলো-নক্ষত্র' গল্পে শেয়ালদা স্টেশনে উদ্বাস্তুদের মধ্যে কোন্ সংক্রামক ব্যাধির প্রাদুর্ভাব ঘটেছে বলে জানা যায়?

৩২। "তোমাদের পেটে মরিচ সয় না আমি জানি।" বক্তা কে?

৩৩। 'নতুন ইহুদী' নাটকের প্রথম প্রকাশকাল লেখো।

৩৪। 'নতুন ইহুদী' নাটকের শুরুতে কোন্ গানটি সমবেত কণ্ঠে গীত হয়?

৩৫। 'নতুন ইহুদী' নাটকের প্রথম সংলাপটি কার?

৩৬। মনমোহন ভট্টাচার্যের কন্যার নাম কী?

৩৭। পণ্ডিতমশাই-এর গ্র্যাচুইটির প্রাপ্য টাকার পরিমাণ কত?

৩৮। "হয় ক্যাম্পে যেতে হবে, আর নয়তো প্ল্যাটফর্ম খালি করে দিতে হবে।" কোন্ প্ল্যাটফর্মের কথা এখানে বলা হয়েছে?

৩৯। "আমি চাষার পোলা, লক্ষ্মীর সেবা কইরা খামু, দাসত্ব আমি করুম না।" সংলাপটি কার?

৪০। 'নতুন ইহুদী' নাটকটি প্রথম কবে অভিনীত হয়?





## SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

৪১। সিলেট গণভোট সম্পর্কে কী জান, সংক্ষেপে লেখো।

৪২। 'দ্বিজাতিতত্ত্ব'-এর মূল কথাটি সংক্ষেপে বুঝিয়ে দাও।

৪৩। নরেন দাসের বোনের নাম কী? সে কী করে বিধবা হয়েছিল?

৪৪। "মাগো, সারাজীবন আমি চাঁদ সদাগরের পার্ট করছি, তুই বেহুলার।" বক্তার এই মন্তব্যের প্রসঙ্গটি স্পষ্ট করো।

৪৫। রাতুল কে? উপন্যাসে কীভাবে তার মৃত্যু হয়েছে?

৪৬। "এক বালিকার চিতা জ্বলে অবিরাম।" কোন্ বালিকার কথা বলা হয়েছে? কীভাবে তার মৃত্যু হয়েছে?

৪৭। ভুবন ডাক্তারের বাড়িতে গড়ে ওঠা হাসপাতালটির নাম কী? কত সালে এটি প্রতিষ্ঠিত হয়?

৪৮। 'পথের কাঁটা' গল্পের পতিতপাবনকে লোকে কী নামে ডাকে? কেনইবা তার এরূপ নামকরণ?

৪৯। "ওই মাছ ঘরে ঢুকাইস না। ফালাইয়া দিয়া আয়।" মা কেন এই কথাটি বলেছেন, সংক্ষেপে লেখো।

৫০। পণ্ডিতমশাই-এর স্ত্রী ঘন ঘন মূর্ছা যান কেন, সংক্ষেপে লেখো।

http://www.elearninginfo.in



## SECTION—C

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৮×৫=৪০

৫১। দেশভাগ পরবর্তীকালে উদ্বাস্তু সমস্যা বাংলার জনজীবনে কীরূপ প্রভাব ফেলেছে, সে বিষয়ে আলোকপাত করো।

৫২। দেশভাগের ছায়াপাত ঘটেছে এমন দুটি বাংলা উপন্যাসের সংক্ষিপ্ত পরিচয় দাও।

৫৩। 'নীলকণ্ঠ পাখির খোঁজে' উপন্যাসের সোনাবাবু চরিত্রটি আলোচনা করো।

৫৪। 'নীলকণ্ঠ পাখির খোঁজে' উপন্যাসে পূর্ববঙ্গের প্রান্তিক মানুষের অন্তরঙ্গ জীবনযাত্রার যে ছবি চিত্রিত হয়েছে সে বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।

৫৫। 'বিন্দু বিন্দু জল' উপন্যাসের বসুমতী চরিত্রটি আলোচনা করো।

৫৬। 'বিন্দু বিন্দু জল' উপন্যাসে দুটি পরিবারকে কেন্দ্র করে লেখক দেশভাগের মর্মান্তিক পরিণাম চিত্রিত করেছেন—আলোচনা করো।

৫৭। 'হারানো সুর' গল্পের বিষয়বস্তু আলোচনা করে গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো।

৫৮। 'পথের কাঁটা' গল্পে বাস্তুহারা মানুষের যন্ত্রণার কোলাজ সৃষ্টি করেছেন লেখক—আলোচনা করো।





৫৯। সলিল সেন-এর 'নতুন ইহুদী' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।

৬০। ''দেশ কথাটা মোহ না রে, দেশ মাইনসের মনে .... আমার পোলায় আর তুই লড়াই না কইরা বাইচা বরতা থাকবি—আমারে জবান দিয়া যা, কসম খাইয়া যা বেটা।'' দেশভাগ পরবর্তী বাঙালি জীবনে মৌলবী মীর্জার এই স্বপ্ন কতটা রক্ষিত হয়েছে, আলোচনা করো।

★★★